



## মার্কেটাইল ব্যাংক পিএলসি

কোরাইশ মুসী বাজার শাখা, ফেনী

অর্থক্ষণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

### বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জ্ঞান জ্ঞানানো যাচ্ছে যে, মার্কেটাইল ব্যাংক পিএলসি, কোরাইশ মুসী বাজার শাখা, ফেনী-এর খেলাপী ঋণগ্রহীতা মেসার্স ফোর ষ্টার সংস্থা খামার, যার স্বত্বাধিকারী-১) মরহুম আবুল খায়ের এর উত্তরাধিকারীবৃন্দ, ২) জনাব মিজানুর রহমান বাদল, ৩) জনাব আবু সাইদ এবং ৪) জনাব মোঃ আব্দুল গফুর খান এর নিকট ২৮/১২/২০২৫ ইং তারিখ পর্যন্ত সুদান ও অন্যান্য খরচাসহ সর্বমোট পাওনা ৭৭,১৭,৬১৭.০১ (সাতাত্তর লক্ষ সতের হাজার ছয়শত সতের টাকা এক পয়সা) যাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের নিপত্তিতে ১) মরহুম আবুল খায়ের, পিতা-মরহুম হাফেজ উল্লাহ, মাতা-আকসতের বেলা, গ্রামঃ পশ্চিম রাসাত্তরপুর, ডাকঘরঃ সমাসপুর, থানাঃ দাগনডুইয়া, জেলাঃ ফেনী কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও জাম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্নবর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

#### দরপত্রের শর্তাবলী

১. আগ্রহী দরদাতাগণকে তাঁর বা তাঁদের নিজস্ব প্যাতে বা সাদা কাগজে আগামী ০৫/০৩/২০২৬ ইং তারিখ বিকাল ৩.৩০ এর মধ্যে স্পষ্ট অক্ষর নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংক ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাস্তব দরপত্র জমা দিতে হবে এবং এদিন বিকাল ৪.০০ ঘটিকার সময় উপস্থিত দরপত্রদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ব্যাংক কর্তৃপক্ষ দরপত্র বাস্তব খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে খেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রের দরপত্রদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং বা কোম্পানী/কার্খের ফেয়ে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।
২. প্রত্যেক দরদাতাকে উক্ত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, উক্ত দর দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উক্ত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতরূপে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেটাইল ব্যাংক পিএলসি, কোরাইশ মুসী বাজার শাখা, ফেনী-এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।
৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উক্ত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উক্ত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উক্ত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। বার্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।
৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতার দরপত্রের মূল্য প্রথম দরপত্রদাতা কর্তৃক উক্ত দর অপেক্ষা কম না হলে উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি নিলাম খরিদ করতে আহ্বান করতে পারবেন।
৫. সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্স ও উৎস করসহ যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।
৬. তফসিলকৃত সম্পত্তির উপর কোন সরকারী, আধা-সরকারী বা স্বায়তশাসিত প্রতিষ্ঠানের, সিটি কর্পোরেশনের, ওয়াশা, পিভিবি, তিতাস, উন্নয়ন কর ইত্যাদিসহ অন্য যেকোন পাওনাদারের পাওনা বা দাবী থাকলে তা পরিশোধের কোন দায়িত্ব ব্যাংক বহন করবে না।
৭. কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করতে পারবেন।

#### বন্ধকীকৃত সম্পত্তির তফসিল

জেলা-ফেনী, থানা-দাগনডুইয়া, সাব-রেজিস্ট্রি অফিস-দাগনডুইয়া, ফেনী, মৌজা-আব্দুল নবী, জেএল নং: সিএস-২০, বিএস-২১, সিএস খতিয়ান নং-৫৫, এসএ খতিয়ান নং-৫০, সিএস ও এসএ দাগ নং-১১০৭, বিএস খতিয়ান নং-৪৯৪, বিএস দাগ নং-২৫৯৮, মিউনিসিপাল খতিয়ান নং-১০৭৮, জমির পরিমাণঃ ৫.০০ শতক।

পক্ষেঃ এফএভিপি এবং শাখা প্রধান, মার্কেটাইল ব্যাংক পিএলসি, কোরাইশ মুসী বাজার শাখা, ফেনী, ফোনঃ ০১৭৮৭-৬৮১২৫২।